

প্রিয় এলাকাবাসী,

- বাংলাদেশ নির্বাচন কমিশন এর পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, আপনার এলাকায় ছবিসহ ভোটার তালিকা হালনাগাদের লক্ষ্যে তথ্যসংগ্রহের কাজ চলছে।
- তথ্যসংগ্রহকারীগণ গত ২৩ এপ্রিল ২০১৯ তারিখ হতে ১৩ মে ২০১৯ পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে তথ্যসংগ্রহ করবেন।
- আপনার জন্ম তারিখ ০১/০১/২০০৪ বা তার পূর্বে হলে এবং আগে ভোটার না হয়ে থাকলে নিবন্ধন ফরম পূরণ করে ভোটার হতে পারবেন।
- হালনাগাদ কার্যক্রমে মৃত ভোটারদের নাম কর্তন করা হবে। মৃত ভোটারের বিষয়ে তথ্যসংগ্রহকারীকে তথ্যপ্রদান করুন।
- ইতোপূর্বে যারা হালনাগাদের সময় অথবা অফিসে এসে ফরম পূরণ করেছেন এবং ছবি তুলেছেন, এখনো জাতীয় পরিচয়পত্র পাননি তাদের নতুন করে ভোটার হওয়ার প্রয়োজন নেই।
- কোন ভাবেই একাধিকবার বা একাধিকস্থানে ভোটার হওয়া যাবে না। একাধিকবার বা একাধিকস্থানে ভোটার হওয়া দণ্ডনীয় অপরাধ। কেউ একাধিকবার বা একাধিক স্থানে ভোটার হলে আপুলের ছাপ পরীক্ষার মাধ্যমে সনাক্তকরে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।
- মনে রাখবেন কোনভাবেই ভুল জন্ম তারিখ বা ভুল তথ্য দিয়ে ভোটার হবেন না। সঠিক তথ্য দিয়ে নিবন্ধিত হন, হালনাগাদ কার্যক্রমে সহায়তা করুন।

প্রচারেঃ  
বাংলাদেশ নির্বাচন কমিশনের পক্ষে  
উপজেলা নির্বাচন অফিসার  
পোরশা, নওগাঁ।

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

আগারগাঁও, ঢাকা

www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৩৫

তারিখঃ

০৮ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

২১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
পোতাশা, নওগাঁ  
পত্র নং- ৪৫  
তারিখ- ২২/৪/১৯

পরিপত্র-৩

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ ২০১৯ কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিদের অংশগ্রহণ।

অবোধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের অন্যতম শর্ত হল যোগ্য নাগরিকগণকে শনাক্তকরণের মাধ্যমে নিবন্ধনপূর্বক যথাযথভাবে ভোটার তালিকা প্রণয়ন করা। এলক্ষ্যে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯-এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম ২৩ এপ্রিল ২০১৯ হতে পরবর্তী ৩(তিন) সপ্তাহ অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩(তিন) সপ্তাহ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে চলমান রাখার বিষয়ে মাননীয় কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, ২০০৪ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের তথ্যও নিবন্ধনের জন্য সংগ্রহ করা হবে। এছাড়া, এ কর্মসূচিতে ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন এবং আবাসস্থল পরিবর্তনের কারণে স্থানান্তরের বিষয়েও কার্যক্রম গৃহীত হবে। ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠু, সুন্দর, নির্ভুল ও সূচারুরূপে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে সমন্বয় কমিটি গঠন করা হয়েছে।

২। বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম মহিলা ভোটার কম হওয়ার বিষয়ে যেসব কারণ লক্ষ্য করা গেছে তার মধ্যে (১) নির্ধারিত ফি পরিপোধ করে জন্ম নিবন্ধন সনদ সংগ্রহে অসীহা; (২) হিন্দু অবিবাহিত মেয়েদের পিত্রালয়ে নিবন্ধন করতে অসীহা; (৩) অবিবাহিত, অনগ্রসর ও নিরক্ষর মেয়েদের ভোটার হওয়ার ক্ষেত্রে আগ্রহ কম; (৪) বাবা-মা'র জাতীয় পরিচয়পত্র দাখিল করতে ব্যর্থ হওয়া; (৫) রেজিস্ট্রেশন কেন্দ্র দূরবর্তী হওয়া; (৬) আবহাওয়া অনুকূল না থাকা; (৭) সামাজিক সংস্কার ও ধর্মীয় অজুহাতে ছবি তুলতে অসীহা; (৮) প্রত্যন্ত অঞ্চলের মহিলাদের অসচেতন হওয়া অন্যতম। ভোটার তালিকায় মহিলাদের অত্রুষ্টির হার যেন উল্লেখযোগ্যভাবে কম না হয় সেলক্ষ্যে হালনাগাদ কার্যক্রমের সময় সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদ সদস্য, দফাদার ও গ্রাম পুলিশকে সম্পৃক্ত করা যেতে পারে।

৩। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে মহিলাদের নিবন্ধনের বিষয়টি নিশ্চিত করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণের, বিশেষ করে মহিলা জনপ্রতিনিধিগণের (উপজেলা পরিষদের মহিলা ডাইস চেয়ারম্যান, সিটি/পৌর এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্যসহ সাধারণ আসনের বিপরীতে নির্বাচিত মহিলা জনপ্রতিনিধি) সহযোগিতা একান্ত প্রয়োজন। সিটি কর্পোরেশন ও উপজেলা পর্যায়ের সমন্বয় কমিটিতে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। জনগুরুত্বপূর্ণ একাজে মহিলাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সদস্যগণের নিদ্বিধায় উক্ত কমিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা প্রয়োজন। বিশেষ করে তাঁরা প্রচারণার কাজে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

৪। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

*(স্বাক্ষর)*  
২২/৪/১৯  
মোঃ মোশাররফ হোসেন  
সহকারী সচিব (নিঃসঃ-২)  
ফোনঃ ৫৫০০৭৫৫৪

- ১। জেলা পরিষদ মহিলা ডাইস চেয়ারম্যান.....(সকল)  
২। উপজেলা পরিষদ মহিলা ডাইস চেয়ারম্যান.....(সকল)  
৩। সিটি/পৌর এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর,.....(সকল)  
৪। ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্য.....(সকল)